

24

**২০ জুন ইসলামী ভার্টিসি
খোলার সিদ্ধান্ত ॥ আড়াই
মাস রাজনীতি বন্ধ**

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়
পুনরায় খোলার পর হইতে আড়াই
মাস ক্যাম্পাসে সকল প্রকার রাজ-
নৈতিক তৎপরতা বন্ধ থাকিবে।
(২য় পৃ: ৩-এর ক: দ্র:)

২০ জুন ইসলামী

(১ম পৃ: পর)

গতকাল (শনিবার) ভাইস চ্যান্সেলর
ড: ইমাম-উল হকের সভাপতিত্বে
সকাল ৯টায় ইসলামী ছাত্র শিবিরের
সহিত এবং ১১ টায় সর্ব দলীয়
ছাত্র ঐক্যের সহিত পৃথক
পৃথকভাবে অনুষ্ঠিত বৈঠকে এই
সিদ্ধান্ত গৃহীত হয়। ছাত্র সংগঠন
সমূহের নেতৃবৃন্দ আগামী ২০শে
জুনের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার
ব্যাপারে ঐক্যমত পোষণ করি-
য়াছে। বৈঠকে বেশ কিছু নীতি-
মালাও গৃহীত হইয়াছে। এদিকে
আগামী ৮ জুন সিঙিকোট বৈঠক
এবং ২০ জুন বিশ্ববিদ্যালয় খোলা
হইবে বলিয়া ভিসি অফিস সূত্রে
জানা গিয়াছে। বৈঠকে বিশ্ব-
বিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ হইতে
দুই অনুমোদনের ডীন, সাদাম হোসেন
এবং জিয়াউর রহমান হলের
প্রভোষ্ট, প্রক্টরিয়াল বডি এবং
ছাত্র উপদেষ্টা উপস্থিত ছিলেন।

এদিকে ছাত্রদল গত শুক্র-
বার এক বিবৃতিতে অভিভাবক
আজম হত্যার জন্য শিবিরকে
দায়ী করিয়াছে। অপরদিকে
শিবির গতকাল ক্যাম্পাসের পার্শ্ব-
বর্তী শেখপাড়া বাজারে মিছিল
সমাবেশের আয়োজন করে।
সমাবেশে শিবির নেতৃবৃন্দ বলেন,
ছাত্র দল পুলিশ এবং দলীয়করণ-
কৃত প্রশাসনের সহযোগিতায় সারা
দেশের শিক্ষাঙ্গণগুলিতে তাদের
রাজত্ব কায়েম করিয়াছে। তাহার
শ্রেফতারকৃত শিবির নেতা-কর্মীদের
নিঃশর্ত মুক্তি দিয়া ২৮শে এপ্রিলে
সহিংস ঘটনার সহিত জড়িত
সম্মানীদের শ্রেফতার ও বিশ্ববিদ্যা-
লয় হইতে বহিষ্কারের দাবী জানা
য়াছে।